দৈনিক সংবাদ

তারিখ ... 18 SEP 1996 ...
পৃষ্ঠা ৭ কলাম ৮

40

৫০টি থানায় সাড়ে ৪ হাজার গণশিক্ষা কেন্দ্র চালু করার উদ্যোগ

॥ এনামুল হক কাশেমী ॥

বান্দরবান, ১৭ই সেপ্টেম্বর।– দেশের ৩০টি জেলার ৫০টি থানায় উপানুষ্ঠানিক শিক্ষা প্রকল্প–১–এর আওতায় শিক্ষা কার্যক্রম শুরু করার উদ্যোগ নেয়া হয়েছে। বেসরকারি সংস্থা (এনজিও)গুলোর মাধ্যমে এ কার্যক্রম বাস্তবায়নে উপানুষ্ঠানিক শিক্ষা বিভাগ প্রজেক্ট প্রকল্পসহ আবেদনপত্র আহ্বান করেছে। গত ১৫ই সেপ্টেম্বর আবেদনপত্র জমা দেয়ার শেষদিন।

সূত্রে জানা যায়, দেশের বিভিন্ন এলাকার ১৫–২৪ বছর বয়সী নিরক্ষর জনগোষ্ঠীকে সাক্ষরতা অর্জনের লক্ষ্যেই বর্তমান সরকার উক্ত কর্মসূচি গ্রহণ করেছে। বেসরকারি সংস্থাগুলোকে এ কর্মসূচি বাস্তবায়নের দায়িত্ব দেয়া হচ্ছে।

সরকার ঘোষিত উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রমের কর্ম এলাকা হচ্ছেঃ বান্দরবানের লামা ও রোয়াংছড়ি, খাগড়াছড়ির মানিকগঞ্জ ও মাটিরাঙ্গা, কক্সবাজারের টেকনাফ ও উখিয়া, মানিকগঞ্জের সাটুরিয়া ও মানিকগঞ্জ সদর, টাঙ্গাইলের মধুপুর ও কালিহাতি, শেরপুরের ঝিনাইগাতি, ময়মনসিংহের ফুলবাড়িয়া, ঈশ্বরগঞ্জ ও ফুলপুর, জামালপুরের বক্সীগঞ্জ ও দেয়ানগঞ্জ, নেত্রকোনার মদন ও পূর্বধলা, কিশোরগঞ্জের হোসেনপুর, করিমগঞ্জ ও কটিয়াদি, শরিয়তপুরের দামুড্যা, রাজবাড়ীর পাংশা, লক্ষ্মীপুরের রামগতি, কুমিল্লার নাসিরনগর ও বাঙ্গারামপুর, সুনামগঞ্জের দিরাই ও জগন্নাথপুর, হবিগঞ্জের বানিয়াচং ও বাহুবল, ঠাকুরগাঁও–এর বালিয়াডাঙ্গা, রংপুরের গঙ্গাচড়া ও তারাগঞ্জ, কুড়িগ্রামের রাজারহাট ও উলিপুর, গাইবান্ধার গাইবান্ধা সদর ও সুন্দরগঞ্জ, নাটোরের বড়াইগ্রাম, নওয়াবগঞ্জের ভোলাহাট, সিরাজগঞ্জের উল্লাপাড়া, সাতক্ষীরার সাতক্ষীরা সদর ও কলারোয়া, ঝিনাইদহের হরিণাকুন্ড, মাগুরার মাগুরা সদর, মেহেরপুরের গাংনী, পটুয়াখালীর গলাচিপা এবং বরগুনার পাথরঘাটা।

৫০টি থানার ১শ'টি ইউনিয়নে স্থাপন করা হবে ৪ হাজার ৫শ'টি কেন্দ্র। কেন্দ্রগুলোতে ১ লাখ ৩৫ হাজার শিক্ষার্থী সাক্ষরতা অর্জনে সক্ষম হবেন।

এক বছর মেয়াদি এ কর্মসূচিতে প্রতিটি ইউনিয়নে ৪৫টি করে কেন্দ্র থাকবে এবং প্রত্যেক কেন্দ্রে ২ হাজার ৭শ' নিরক্ষর লোক শিক্ষা লাভ করার সুযোগ পাবেন।

এছাড়া ৩শ' জন প্রকল্প সুপারভাইজার এবং ৪ হাজার ৫শ' জন শিক্ষক-শিক্ষিকার কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে।

SHEET ___ OF ___ SHEETS